

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর তাকে তিনি শিখিয়ে দেবেন কিতাব, হিকমত, তওরাত, ইঞ্জিল।

সূরা আল ইমরান ৪৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানবের সিমেন্ট

শ্রীমন্ত্রণ সিমেন্ট

ইস্রাইলের মজবুত দেয়াল

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৭৯৯০২৭৭০৪

বরিশাল ৥ সোমবার ৥ ১৫ জুন ২০২৬ ৥ ২৮ জিলহজ্জ ১৪৪৭ ৥ ০১ আষাঢ় ১৪৩৩ ৥ ১০ম বর্ষ ৥ ০৬ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা

বিআরটি প্রকল্পের অগ্রগতি নিয়ে সভা করলেন প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্প নিয়ে সভা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১৪ জুন) সচিবালয়ে মন্ত্রিপরিষদ ২ এর পাতায় দেখুন

জিয়াউর রহমান গণতন্ত্র-উন্নয়নের ভিত্তি গড়ে দিয়েছিলেন: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, শহীদ রষ্ট্রপতি ২ এর পাতায় দেখুন

বেনজীরকে দুবাইয়ে শ্রেফতার পুলিশের ঐতিহাসিক সাফল্য: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

দুর্নীতি ও অর্থ পাচারের মামলায় অভিযুক্ত বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে ২ এর পাতায় দেখুন

শিবির নেতাকে নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি নিষ্পনীয় আখ্যা তাহেরের

কীর্তনখোলা ডেস্ক

ছাত্রশিবিরের এক কেন্দ্রীয় নেতাকে নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের দেওয়া বিবৃতিতে উত্তপ্ত হয়ে উঠেছে ২ এর পাতায় দেখুন

দুবাই বিমানবন্দরে

এআই ক্যামেরায় শনাক্তের পর শ্রেফতার হন বেনজীর

কীর্তনখোলা ডেস্ক

লন্ডন থেকে এশিয়ার একটি দেশের উদ্দেশ্যে যাত্রা করেছিলেন পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ। পরিকল্পনা ছিল দুবাইয়ে ট্রানজিট শেষে গন্তব্যে পৌঁছানোর। তবে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ক্যামেরায় ধরা পড়ে দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরই হয়ে যায় তার যাত্রার শেষ গন্তব্য।

বিমানবন্দরের অত্যাধুনিক এআইভিজিট ফেস রিকগনিশন প্রযুক্তিতে শনাক্ত হওয়ার পর ইন্টারপোলের তথ্যভান্ডার মিলিয়ে তাকে শ্রেফতার করে দুবাই পুলিশ। পুলিশ সদর দপ্তর সূত্রে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে। দুবাই পুলিশের বরাতে বাংলাদেশ পুলিশ সদর দপ্তরের এক কর্মকর্তা বলেন, সম্প্রতি তিনি (বেনজীর) লন্ডন থেকে সিঙ্গাপুর বা থাইল্যান্ডের উদ্দেশ্যে রওনা আন্তর্জাতিক বিমানবন্দরে ট্রানজিটে নামার পর অন্য যাত্রীর মতোই ইমিগ্রেশন ও নিরাপত্তা ব্যবস্থার আওতায় আসেন তিনি। পুলিশের ওই কর্মকর্তার দাবি, বিমানবন্দরের

হন। নির্ধারিত ফ্লাইটে দুবাই আরব আমিরাতে রওনা হয়েই স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর দুর্নীতি মামলায় অভিযুক্ত পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদকে গ্রেপ্তারের জন্য ইন্টারপোলের সঙ্গে নিবিড়ভাবে ২ এর পাতায় দেখুন

ক্যামেরা তার মুখমণ্ডল স্ক্যান করে। স্ক্যানের তথ্য আন্তর্জাতিক অপরাধীদের তথ্যভান্ডারের সঙ্গে মিলিয়ে দেখা হলে বেনজীর আহমেদের নামে থাকা ইন্টারপোল সতর্কতা সংকেত (মোটিশ) সামনে ইন্টারপোল সমন্বয় শাখা বিষয়টি যাচাই করে এবং কিছু সময়ের মধ্যেই তাকে আটক করে। পরে আনুষ্ঠানিকভাবে শ্রেফতার ঘোষণা হয়। যদিও দুবাই পুলিশ, ইন্টারপোল বা বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে এ বিষয়ে এখনো আনুষ্ঠানিক কোনো বিবৃতি দেওয়া হয়নি। তবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ রোববার (১৪ জুন) বিকেলে সংসদ অনিবেশনের শুরুতে ৩০০ বিধিতে দেওয়া বক্তব্যে সাবেক আইজিপি বেনজীর আহমেদকে গ্রেপ্তারের বিষয়টি অবগত করেন। তিনি জানান, সংযুক্ত

দেশে নতুন ৬৭০

স্কুল-কলেজ স্থাপন করবে সরকার

কীর্তনখোলা ডেস্ক

দেশের বিভিন্ন জেলা-উপজেলায় ৬৭০টি নতুন মাধ্যমিক পর্যায়ের স্কুল, কলেজ এবং ক্যাডেট কলেজ স্থাপন করা হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন। তিনি বলেন, মাধ্যমিকপর্যায়ে নতুন স্কুল, কলেজ ও ক্যাডেট কলেজ স্থাপনের পরিকল্পনা রয়েছে। এর অংশ হিসেবে ৬৭০টি নতুন স্কুল ও কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে, যা দেশের শিক্ষাখাতে একটি বড় কর্মসূচি। রোববার (১৪ জুন) দুপুরে রাজধানীর শেরাটন হোটеле ইউনিসেফ আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে মন্ত্রী বলেন, পরিসংখ্যানে অংশগ্রহণ কমে যাওয়ার কথা বলা হলেও বাস্তবে গ্রামাঞ্চলে নারীদের উপস্থিতি হেসেদের ২ এর পাতায় দেখুন

অনুমোদন মেলনি ভারতের

নেপাল থেকে বাংলাদেশে আসছে না বাড়তি বিদ্যুৎ

কীর্তনখোলা ডেস্ক

আগামী ১৫ জুন থেকে বাংলাদেশে শুধুমাত্র ৪০ মেগাওয়াট বিদ্যুৎ রপ্তানি করবে নেপাল। যদিও ৬০ মেগাওয়াট বিদ্যুৎ রপ্তানির কথা ছিল। কিন্তু ভারতের অনুমোদন না মেলায় এ বাড়তি বিদ্যুৎ চাফাক আসছে না। রোববার (১৪ জুন) দেশটির জ্বালানি কর্মকর্তাদের বরাতে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম কত্রামাড পোস্ট। তারা বলেছেন, ভারতের কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ (সিইএ) বিদ্যুৎ পরিবহন লাইনের সক্ষমতার সীমাবদ্ধতার কারণে বেশির অনুমোদন স্বগৃহীত করে দিয়েছে। এই কর্মকর্তারা আরও জানিয়েছেন, নতুন একটি সংশোধিত গ্রিপকীর চুক্তি, নেপাল-ভারতের জ্বালানি বিভাগের সচিব পর্যায়ের যৌথ স্টিরায়িং কমিটির সিদ্ধান্তসহ আরও কিছু বিষয় এখনো সম্পন্ন করা বাকি। বর্ষা মৌসুমে নেপাল তার বাড়তি বিদ্যুৎ বাংলাদেশ ও ভারতে রপ্তানি করে। অপরদিকে শীতকালে ভারত থেকে তারা উল্টো বিদ্যুৎ আমদানি করে। ২ এর পাতায় দেখুন

জেলা পর্যায়ে স্টার্টআপ, সার্কেল প্রজেক্ট এবং ইনোভেশন আইডিয়া শোকেসিং প্রোগ্রামে উপস্থিত বরিশাল সদর-৫ আসনের এমপি আত. মজিবুর রহমান সরোয়ার

শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সভাপতি হলেন তথ্যমন্ত্রী স্বপন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ সভাপতি করে শেখরিম হাসপাতাল ব্যবস্থাপনা (শেবাটিম) হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির নতুন কমিটি গঠন করা হয়েছে। এরপর ৫ আগস্ট-সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন তথ্য ও পরবর্তী দীর্ঘ কোনো কার্যকর কমিটি না থাকায় সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী জহির উদ্দিন স্বপন।

জন তৎকালীন প্রতিমন্ত্রী জাহিদ ফারুক শামীমকে সভাপতি করে শেখরিম হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছিল। এরপর ৫ আগস্ট-পরবর্তী দীর্ঘ কোনো কার্যকর কমিটি না থাকায় সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী জহির উদ্দিন স্বপন।

অনেক বেশি, যন্ত্রপাতির ঘাটতিও রয়েছে। নিজস্ব রহমান আরও উন্নত সেবা পাবেন। জানা যায়, ২০২৪ সালের ১৫ বলেন, নতুন ২ এর পাতায় দেখুন

খালেদা জিয়াকে ‘কালো মানিক’ উপহার দেয়া সোহাগ মৃধা শ্রেফতার

পটুয়াখালী প্রতিনিধি

বিএনপির প্রয়াত চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে কালো মানিক নামের গরু উপহার দিতে চেয়ে আলোচনায় আসা পটুয়াখালীর মির্জাগঞ্জের সোহাগ মুখাকে শ্রেফতার করেছে পুলিশ। রোববার (১৪ জুন) তাকে গ্রেপ্তারের পর আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। শ্রেফতার সোহাগ মৃধা পটুয়াখালী মির্জাগঞ্জ উপজেলার উত্তর বাটিবুনিয়া গ্রামের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা যায়, সোহাগ মুখার বিরুদ্ধে মারামারি ও পর্নোগ্রাফির ২টি মামলা রয়েছে। এর মধ্যে মারামারির মামলায় তিনি এক নম্বর এজাহারভুক্ত আসামী এবং পর্নোগ্রাফি মামলায় সহযোগী আসামী হিসেবে অভিযুক্ত। এসব মামলার ভিত্তিতেই তাকে শ্রেফতার করা হয়েছে। সোহাগ মৃধা শ্রেফতার থাকায় এ বিষয়ে তার কোনো বক্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে মির্জাগঞ্জ থানার ওসি মো. তোহিদুজ্জামান বলেন, “মারামারি ও পর্নোগ্রাফির মামলায় সোহাগ মৃধাকে ২ এর পাতায় দেখুন

ক্লিনিকের এসির ভেতর থেকে কালনাগিনী সাপ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে এবার একটি বেসরকারি ক্লিনিক থেকে প্রায় চার ফুট দীর্ঘ এক কালনাগিনী সাপ উদ্ধার করেছে এনিমেল ল্যাবস অব পটুয়াখালীর সদস্যরা। রোববার (১৪ জুন) দুপুর ৩টার দিকে নগরীর সাগরদী এলাকার বরিশাল মেডিকেল সার্ভিসেস নামক ক্লিনিকের এসির মধ্য থেকে সাপটি উদ্ধার করা হয়। প্রতিষ্ঠানের মালিক পটুয়াখালী মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ ডা. এসএম আবুল হাসান জানান, ক্লিনিকের এসি খুলে বাসায় নেয়ার জন্য কোম্পানির লোক আসে। তারা এসি খুলতে গিয়ে ভেতরে দুটি সাপ দেখতে পেয়ে আতঙ্কে ঢাক-চিৎকার শুরু করে। পরে ৯৯৯-এ কল করে সহযোগিতা চাইলে তারা এনিমেল ল্যাবস অব পটুয়াখালীর পরিচালক আসাদুল্লাহ হাসান মুসার নম্বর দেন। তার সঙ্গে যোগাযোগ করা হলে দুপুর ২টার দিকে মুসা ঘটনাস্থলে উদ্ধার অভিযান শুরু করেন। এনিমেল ল্যাবস অব

শত শত শিক্ষকের শিক্ষক, সচিব বাহাদুর প্রমোদ বাংলাদেশে বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক শিক্ষার্থী গ্রন্থাগার এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক সচিবালয়

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রসঙ্গভিত্তিক ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আইনকানুন কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি হাজারগাও, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহারগাও, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাজার গাও রোডের মধ্য, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাজার গাও রোডের মধ্য, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের পাশে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজের পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজের পাশে 01717-488083

বরিশাল বিএম কলেজের ১৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান সরকারি ব্রজমোহন কলেজের ১৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য আনন্দ র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১৪ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে কলেজ ক্যাম্পাস থেকে র্যালিটি শুরু হয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় কলেজ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। র্যালিতে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর আবু তাহের মোহাম্মদ রাশেদুল ইসলামসহ কলেজের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও প্রাচীন শিক্ষার্থীরা। অংশগ্রহণকারীরা প্রতিষ্ঠানের গৌরবময় ইতিহাস, শিক্ষা-ঐতিহ্য ও সাফল্যের বিভিন্ন বার্তা সংবলিত ব্যানার, ফেস্টুন ও প্র্যাকার্ট বহন করে। র্যালি উদ্বোধনকালে কলেজ প্রাঙ্গণের পক্ষ থেকে বলা হয়, দীর্ঘ ১৩৭ বছরের পথচলায় সরকারি ব্রজমোহন কলেজ দেশের শিক্ষা, সংস্কৃতি ও মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। প্রতিষ্ঠা বার্ষিকীর ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যিকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

যুবকদের পাশাপাশি স্কুলের ছাত্রাও

দেয়। তিনি বলেন, মাদকের হাত থেকে যুব সমাজ ও শিক্ষার্থীদের মুক্ত করতে নিয়মিত মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে। এসময় স্কুল-কলেজে শিক্ষার্থীদেরকে মাদকের কুফল সম্পর্কে সচেতন করতে জনসচেতনতামূলক কার্যক্রম চালিয়ে যেতে হবে বলে তিনি মন্তব্য করেন। বরিশালের প্রতিটি মসজিদে সচেতনতামূলক বয়ান নিশ্চিতকরণে ইসলামী ফাউন্ডেশনের পরিচালকের উদ্দেশে তিনি বলেন, সমাজে শান্তি-শৃঙ্খলা ও স্থিতিশীলতা বজায় রাখতে ধর্মীয় নেতাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতি শুক্রবার নামাজের খুতবার মাধ্যমে মুসল্লিদের কাছে গুজব, সন্ত্রাস, নারশকতা, নারী নির্যাতন, জঙ্গিবাদ, বাল্যবিবাহ, মাদক এবং সামাজিক সম্প্রীতি বিষয়ে সচেতনতামূলক বয়ান প্রদান করতে হবে। সহকারী কমিশনার ও এল্গিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাজন রায় এর সম্মলনায় পুলিশ সুপার এ, জেড, এম মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার বেলাল হোসাইনসহ অন্যান্য সামরিক বাহিনীর কর্মকর্তা ও সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এক সপ্তাহে ৮ হাজার প্রবাসীকে

ৱরষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। মন্ত্রণালয় বলছে, গত ৪ থেকে ১০ জন দেশটির নিরাপত্তা বাহিনী এবং বিভিন্ন সরকারি সংস্থার যৌথ অভিযানে ৭ হাজার ৯৮৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এই অভিযানে আবাসন, শ্রম এবং সীমান্ত নিরাপত্তা বিধি লঙ্ঘনের অভিযোগে ১০ হাজার ৭০০ জনের বেশি প্রবাসীকে ক্ষেফতার করা হয়েছে। ক্ষেফতার ব্যক্তিদের মধ্যে ৮৯৯ জনের বিরুদ্ধে আবাসন আইন লঙ্ঘন, ৩ হাজার ৮৪ জনের সীমান্ত নিরাপত্তা লঙ্ঘন এবং ১ হাজার ৭৪২ জন শ্রম আইন ভঙ্গের অভিযোগ রয়েছে। মন্ত্রণালয় বলছে, অভিযানকালে অবৈধভাবে সৌদি আরবে প্রবেশের চেষ্টার সময় ১ হাজার ৪১৮ জনকে ক্ষেফতার করা হয়েছে। এদের মধ্যে ৫৫ শতাংশ ইথিওপিয়া এবং ৪৩ শতাংশ ইয়েমেনের নাগরিক। এছাড়া আরও ৩৪ জনকে অবৈধভাবে দেশ ত্যাগের চেষ্টার সময় আটক করা হয়েছে। সৌদি কর্তৃপক্ষ বলছে, গত এক সপ্তাহে ট্রান্ডেল পারমিট সঞ্গ্রহের জন্য ১৪ হাজার ২৬৮ জনকে তাদের নিজ নিজ দেশের কূটনৈতিক মিশনে পাঠানো হয়েছে। এ সময়ে আরও ১ হাজার ২৪০ জন দেশে ফেরত পাঠানোর জন্য ট্রান্ডেল পারমিট সম্পন্ন করা হয়েছে। মন্ত্রণালয় বলছে, অভিযানে অবৈধ অভিবাসীদের পরিবহন, আশ্রয় প্রদান বা নিয়োগ দিয়ে আইন লঙ্ঘনে সহায়তা করার অভিযোগে ১৮ জনকে ক্ষেফতার করা হয়েছে। সরকার পরিসংখ্যান বলছে, সৌদিতে বর্তমানে ২২ হাজারের বেশি প্রবাসী অভিবাসন ও শ্রম আইন লঙ্ঘনের দায়ে আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছেন। কর্তৃপক্ষের এক সতর্কবার্তায় বলা হয়েছে, কেউ যদি অবৈধ অভিবাসীদের সহায়তা করতে গিয়ে ধরা পড়ে তাহলে তার তার ১৫ বছর পর্যন্ত কারাদন্ড এবং ১০ লাখ সৌদি রিয়াল জরিমানা হতে পারে। যা বাংলাদেশি টাকায় তিন কোটি টাকার বেশি। এছাড়া অপরাধে ব্যবহৃত যানবাহন বা সম্পত্তিও বাজেয়াপ্ত করা হয়ে পারে।

‘ভারত-বাংলাদেশ সীমান্তে বেড়া

বেড়া নির্মাণের উদ্যোগ না নেওয়া ছিল একটি ‘ঐতিহাসিক ভুল।’ ভারতীয় সংবাদমাধ্যম দ্য স্টেটসম্যানের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। হিমন্ত বিশ্ব শর্মা বলেন, ১৯৮৫ সালের আসাম চুক্তির পর আসাম-বাংলাদেশ সীমান্তে বেড়া নির্মাণের কাজ শুরু হলেও একই সময়ে আন্তর্জাতিক সীমান্ত ভাগ করে নেওয়া অন্য রাজ্যগুলোকে একই গুরুত্ব দেওয়া হয়নি। তিনি বলেন, ‘বাংলাদেশের সঙ্গে আসামের ১ হাজার ৬০০ কিলোমিটার সীমান্ত রয়েছে। আসাম চুক্তি স্বাক্ষরের পর আসাম-বাংলাদেশ সীমান্তে বেড়া নির্মাণের দাবি জানানো হয়েছিল এবং সে অনুযায়ী কাজও শুরু হয়েছিল। তবে তখন মেঘালয়, ত্রিপুরা ও পশ্চিমবঙ্গেও একইভাবে সীমান্ত সুরক্ষার ব্যবস্থা নেওয়ার বিষয়টি বিবেচনায় আনা হয়নি।’ তাঁর ভাষায়, ‘আসাদের দাবি হওয়া উচিত ছিল পুরো ১ হাজার ৬০০ কিলোমিটার সীমান্তজুড়ে বেড়া নির্মাণ।’ অন্য সীমান্তবর্তী রাজ্যগুলোর পরিস্থিতি তুলে ধরে আসামের মুখ্যমন্ত্রী বলেন, বহু বছর ধরে সীমান্তের বড় অংশ উন্মুক্ত ছিল, যা সীমান্ত পারাপার নিয়ন্ত্রণে জটিলতা তৈরি করেছে। তিনি জানান, আগে মেঘালয়ে কোনো সীমান্ত বেড়া ছিল না। বর্তমানে সেখানে প্রায় ৯০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। ত্রিপুরায় প্রায় ৬০ শতাংশ বেড়া নির্মাণ শেষ হয়েছে এবং মিজোরামেও কাজ এগাচ্ছে। পশ্চিমবঙ্গের প্রসঙ্গে তিনি বলেন, প্রায় ৮০০ কিলোমিটার সীমান্ত দীর্ঘদিন খোলা ছিল। বর্তমানে সেখানে বেড়া নির্মাণের কাজ শুরু হয়েছে। সীমারের কিছু অংশে নিরাপত্তা নিশ্চিত করে অন্য অংশ খোলা রাখার কার্যকারিতা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। হিমন্ত বলেন, ‘যদি শিলিগুড়ি খোলা থাকে আর মানকাচর বন্ধ থাকে, তাহলে এর অর্থ কী? এগুলো ছিল ঐতিহাসিক ভুল।’ সীমান্ত অঞ্চলে জনমিতিক পরিবর্তনের বিষয়েও উদ্বেগ প্রকাশ করেন আসামের মুখ্যমন্ত্রী। তিনি জানান, বিষয়টি পর্যালোচনার জন্য কেন্দ্রীয় সরকার একটি কমিটি গঠন করেছে। তাঁর মতে, সরকার সীমান্তবর্তী এলাকায় জনমিতিক পরিবর্তন মোকাবিলায় আরও কার্যকর ব্যবস্থা নিতে পারে। হিমন্ত বলেন, ‘আমাদের পরামর্শ হবে সীমান্ত এলাকায় বসবাসকারী প্রতিটি পরিবারের নাগরিকদেরে অবস্থা যাচাই করা।’

এবেড়াখেবড়ো ইটের সড়ক

করে সিংহেরকাঠি কমিউনিটি ক্লিনিক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, শোশাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর একটি গ্রাম সমিতি, ছোট মীরগঞ্জ বাজার, স্থানীয় রাইস মিল, মসজিদ, মন্দিরসহ বিভিন্ন সামাজিক ও সরকারি প্রতিষ্ঠানে যাতায়াত করতে হয়ে শিক্ষার্থীসহ এলাকাবাসীকে। এ ছাড়া বাজারের ব্যবসায়ীদের পণ্য পরিবহনেও সড়কটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। স্থানীয়রা জানানয়, সড়কটি দিয়ে প্রতিদিন প্রায় আড়াই থেকে তিন হাজার মানুষ চলাচল করেন। পাশাপাশি চাঁদপাশা ইউনিয়নের চাঁদপাশা গ্রামের একাংশের বাসিন্দারাও উপজেলা সদরের সঙ্গে যোগাযোগের জন্য এই সড়কের ওপর নির্ভরশীল। স্থানীয় বাসিন্দা মাওলানা আবুল কালাম বলেন, বছরের পর বছর ধরে আমরা এই সড়কের দুর্ভোগ সহ্য করছি। জনপ্রতিনিধিদের কাছে বহুবার আবেদন করেছি, কিন্তু কোনো স্থায়ী সমাধান হয়নি। বর্ষা মৌসুমে এই সড়ক দিয়ে চলাচল প্রায় অসম্ভব হয়ে পড়ে। ছোট মীরগঞ্জ বাজারের ব্যবসায়ী বাবুল পান্ডা বলেন, সড়কের কারণে ব্যবসা বাণিজ্য ব্যাহত হচ্ছে। পণ্য আনা-নেওয়ায় অতিরিক্ত খরচ হচ্ছে এবং অনেক সময় যানবাহনও স্চাচল করতে পারে না। দ্রুত সংস্কার না হলে এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ড ক্ষতিগ্রস্ত হবে। এ ব্যাপারে স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য মো. জামাল হোসেন পুতুল বলেন, বিগত সরকারের আমলে তনকার সংসদ সদস্য সড়কটি সংস্কারের জন্য একটি প্রকল্প অনুমোদন করেছিলেন। কিন্তু পরে সেটি বাতিল করে অন্য এলাকায় স্থানান্তর করা হয়। এরপর আর সরকারি উন্নয়ন সম্ভব হয়নি। আমরা বিষয়টি একাধিকবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে এনেছি। বাবুগঞ্জ উপজেলা প্রকৌশলী কাজী এমামুল হক আলিম বলেন, সড়কটি উন্নয়ন প্রকল্পের আওতায় আমার বিষয়ে উপর্যন্ত কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হবে। বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমা কল হুসনা বলেন, ‘সড়কটির বিষয়ে লিখিত আবেদন বা প্রস্তাব পাওয়া গেলে বিষয়টি গুরুত্বসহকারে পর্যালোচনা করা হবে। জনগণের দুর্ভোগ লাঘবে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার চেষ্টা করা হবে।’

নলকূপ স্থাপনের সময় বিদ্যুৎস্পৃষ্টে

স্থানীয় এ হাসপাতাল সূত্রে জানা যায়, রণগোপালদী ইউনিয়নের চরঘুনী এলাকায় শানু হাওলাদারের বাড়িতে গভীর নলকূপ স্থাপনের কাজ করছিলেন ওই শ্রমিকেরা। বিকেলে নলকূপের পাইপের সাথে বিদ্যুতের লাইনের সংযোগ দেওয়ার সময় হঠাৎ বিকট শব্দে দৃশ্যটনা ঘটে। এতে কর্মরত ছয় শ্রমিকের মধ্যে চারজন ছিটকে পড়েন এবং ঘটনাস্থলেই বেগ্লাল ও ইউসুফের মৃত্যু হয়। পরে স্থানীয় লোকজন তাৎক্ষণিকভাবে নিহত ও আহতদের উদ্ধার করে দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। হাসপাতালের চিকিৎসক রাবেয়া সুলতানা বেগ্লাল ও ইউসুফকে মৃত ঘোষণা করেন। আহত বাকি চারজনকে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আতিকুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এ বিষয়ে থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়ের করা হয়েছে। নিহতদের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় এবং তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই মরদেহ দুটি স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

মঠবাড়িয়ায় দুই হাজার ইয়াবাসহ

এবং শিপনের সাথে থাকা ব্যাগ তল্লাশি করে ২০০৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়। তিনি আরও বলেন, দক্ষিণাঞ্চলের মাদক ব্যবসায়ীর অন্যতম উদ্দেশ্যের মধ্যে এই দুর্জন অত্যন্ত সক্রিয়। গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়। তাদের বিরুদ্ধে মঠবাড়িয়া থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশ বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। রোববার বিকেলে আদালতে সোপর্দ করা হবে। তিনি আরও বলেন, মাদকের বিরুদ্ধে পুলিশ অভিযান অব্যাহত থাকবে।

বাউফল-ঢাকা রুটে বাস সংকট

বাসে প্রতিদিন বিপুলসংখ্যক যাত্রী ঢাকা ও বাউফলের মধ্যে যাতায়াত করতেন। সম্প্রতি কয়েকটি পরিবহন একীভূত হয়ে ‘যৌথ দশমিনা এক্সপ্রেস’ নামে নতুন ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। এর পর থেকেই বাসের সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গেছে বলে অভিযোগ উঠেছে। যাত্রীদের দাবি, বর্তমানে প্রতিদিন মাত্র ৩০ থেকে ৪০টি বাস চলাচল করছে। হলে বাসস্ট্যান্ড ও ফেরিঘাট এলাকায় দীর্ঘ সময় অপেক্ষা করতে হচ্ছে। বগা ফেরিঘাট এলাকায় অপেক্ষমাণ যাত্রী উজ্জ্বল হোসেন বলেন, “সকাল ৯টায় এমোছি, কিন্তু দুপুর ১২টা পর্যন্ত কোনো বাস পাইনি। আগে সহজেই গাড়ি পাওয়া যেত। এখন ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে। ভাড়াও বেড়ে গেছে।” আরেক যাত্রী রবিউল ইসলাম বলেন, “দাঁড়িয়ে যাই কিংবা বসে যাই, ভাড়া একই ৬০০ টাকা। যাত্রীদের সুবিধা-অসুবিধার বিষয়টি কেউ দেখছে না।” ঢাকাগামী যাত্রী কামরুল হাসান বলেন, “গাড়ি কম থাকার কারণে সিট পাওয়া যাচ্ছে না। সকাল থেকে অপেক্ষা করেও বাসে উঠতে পারিনি। আগে যেখানে ভাড়া ছিল ৫০০ টাকা, এখন ৬০০ টাকা দিতে হচ্ছে।” যাত্রীদের অভিযোগ, বাস সংকটের কারণে অনেককে বাধা হয়ে বরিশালে গিয়ে অন্য পরিবহনে ঢাকা যেতে হচ্ছে। আবার সিট না পেয়ে কেউ কেউ টুলে বসে কিংবা দাঁড়িয়ে যাত্রা করছেন। এ বিষয়ে বগা কাউন্সিলে দায়িত্ব পালনকারী দশমিনা এক্সপ্রেসের কর্মচারী মামুন বলেন,দমালিকদের সিদ্ধান্ত অনুযায়ী এখন সব বাস একটি ব্যানারের আওতায় পরিচালিত হচ্ছে। পাশাপাশি ট্রিপের সংখ্যাও কমানো হয়েছে। আগে যে পরিমাণ বাস চলত, বর্তমানে তার প্রায় অর্ধেক চলছে। তবে এ সিদ্ধান্তের কারণ সম্পর্কে ব্যস্তিরত জানি না। মালিকরা যাত্রীদেরের কথা বলেছেন।’ অভিযোগের বিষয়ে পরিবহন মালিক মো. রেজাউল করিম বলেন, “পরিবহন ব্যবস্থাপনায় নতুন একটি নিয়ম চালু করা হয়েছে। এটি পুরোপুরি কার্যকর হতে কিছুটা সময় লাগবে। আগে প্রায় ৭০টি বাস চলাচল করলেও বর্তমানে ৩৮টি বাস চলাচল করছে।” বাসের সংখ্যা কমানো এবং ভাড়া বৃদ্ধির ফলে যাত্রীদের স্তোষাঞ্জি বেড়েছে বলে মনে করছেন স্থানীয়রা। দ্রুত বাসের সংখ্যা বৃদ্ধি ও ভাড়া নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন তারা।

হাম ও হামের উপসর্গে

হাম-সংক্রান্ত রোগে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৬৫২ জনে। প্রতিবেদনে উল্লেখিত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৭৫ জনের। এসময়ে সন্দেহজনক হাম রোগীর সংখ্যা এক হাজার ৫২ জন। গত ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ১০ হাজার ৩৩৩ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৮৫ হাজার ৯৫১ জন। একই সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৭০ হাজার ৫৭৯ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ৬৬ হাজার ৮৪১ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫৬ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ১৩৬ জনের মৃত্যু ঘটেছে ঢাকা বিভাগে। এরপর ৮৭ জন মারা গেছে রাজশাহীতে। সেই সঙ্গে সিলেটে ৬৭, ময়মনসিংহে ৫২, চট্টগ্রামে ৪৭, বরিশালে ৩৮, ফুলনায় ২৫ ও রংপুরে আটজন প্রাণ হারিয়েছে।

বিষখালী নদীর ভাঙন রোধে

একটি তাৎক্ষণিক ও প্রয়োজনীয় পদক্ষেপ।’ তিনি আরও বলেন, ‘আগামীতে এ এলাকায় একটি বৃহৎ প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। ব্লক স্থাপনের মাধ্যমে স্থায়ীভাবে নদীভাঙন রোধে বেড়িবাঁধ নির্মাণ করা হবে। দীর্ঘদিনের এ সমস্যার স্থায়ী সমাধানে সরকার আন্তরিকভাবে কাজ করছে।’ অন্ততানে জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক নূপুর, রাজাপুর উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুল হক নান্নুসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। স্থানীয় বাসিন্দারা জানান, বিষখালী নদীর তীর ভাঙনের কারণে দীর্ঘদিন ধরে তারা আতঙ্কে দিন কাটাচ্ছেন। দ্রুত জিও ব্যাগ ফেলা এবং পরবর্তীতে স্থায়ী বেড়িবাঁধ নির্মাণের উদ্যোগ বাস্তবায়িত হলে বাদুরতলা এলাকার মানুষ নদীভাঙনের তাণ্ডবহতা থেকে রক্ষা পাবেন বলে তারা আশা করছেন। নদীতীর রক্ষায় চলমান এ কার্যক্রমে সময়েপযোগী উদ্যোগ হিসেবে অভিহিত করেছেন এলাকাবাসী।

৫ শতাংশ বিলম্ব বকেয়া পরিশোধের

ধরে বিভিন্নভাবে দাবি জানিয়ে আসছেন। কিন্তু এখনো বিষয়টির সুরাহা হয়নি। এ অবস্থায় তাঁদের বাধা হয়ে রাজপথে নাতে হয়েছে। বক্তারা অবিলম্বে বকেয়া পরিশোধের কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানান। সভায় বক্তব্যদেেন গ্রামীণফোন ৫% বিলম্ব বকেয়া আদায় ঐক্য পরিষদের বরিশাল সমন্বয়ক মোঃ নাসির আহমেদ চৌধুরী, জৌকিফুল আমিন, বাপা মো. আবুয়াল হোসেন, শাহ খান্দিদ আহমেদ, নাঈফ বেকদার ও মো. নেহার উল্লিন। বক্তারা বলেন, তাঁদের দাবি বাস্তবায়নে প্রয়োজন ছিল আরও বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে। মানববন্ধন শেষে অংশগ্রহণকারীরা শান্তিপূর্ণভাবে কর্মসূচি সমাপ্ত করেন।

দুধ দিয়ে গোসল করে ব্রাজিল ছেড়ে

থেকে ব্রাজিলের জার্সি খুলে আর্জেন্টিনার জার্সি গায়ে জড়িয়ে ক্যাম্পাস ঘুরে বেড়ান। এ সময় আর্জেন্টিনার সর্মখরকারা বিভিন্ন স্লোগান ও হাততালির মাধ্যমে তাঁকে নিজদেশের দলে বরণ করে নেন। তাওহিদ বিএম কলেজের ইতোমারের ইতিহাস ও সংস্কৃতি

বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী। তাঁর গ্রামের বাড়ি বালকাঠি জেলায়। দল পরিবর্তনের বিষয়ে তাওহিদ বলেন, আমি ব্রাজিলকে মনেপ্রাণে সর্মর্ধন করতাম।

কিন্তু তারা ৫ বার বিশ্বকাপ জিতলেও সেটা অনেক আগের ঘটনা। ২০২২ সালে আর্জেন্টিনা বিশ্বকাপ জয় করেছে, আর সেই টুর্নামেন্টে ব্রাজিল পরাজিত হয়। তিনি আরও বলেন, আর্জেন্টিনা দলের খেলা আমার ভীষণ পছন্দ। তাদের খেলার ধরন বিশ্বের যেকোনো দলের চেয়ে আলাদা। মেসি আমার প্রিয় খেলোয়াড়, যাকে ফুটবলের জাদুকর বলা হয়। তাঁর হৃদয়ময় খেলা সারা বিশ্বের কোটি কোটি ফুটবলপ্রেমীদের মুগ্ধ করে। এর পরপরই দুধ দিয়ে গোসল করে ব্রাজিলের প্রতি সর্মর্ধন প্রত্যাহারের ঘোষণা দেন তিনি।

খানার ব্যারাকে পুলিশ

চিরকূট উদ্ধার করা হয়। প্রাথমিকভাবে জানা গেছে, চিরকূটে তিনি নিজের মৃত্যুর জন্য কাউকে দায়ী করেননি। এছাড়া মৃত্যুর পর মরদেহ পৈতৃক বাড়িতে পাঠানোর অনুরোধ এবং পারিবারিক কিছু ব্যক্তিগত বিষয় উল্লেখ করেছেন। এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার (আমতলী-ভালতলী সার্কেল) মো. তরিকুল ইসলাম মাসুদ বলেন, ‘মরনাতদন্তের প্রতিবেদন পাওয়ার পরই মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। উদ্ধার হওয়া চিরকূটেও মৃত্যুর নির্দিষ্ট কোনো কারণ উল্লেখ নেই।’ পুলিশ জানিয়েছে, প্রায় এক মাস আগে ফারুক হোসেন গাজী পাথরঘাটা থানা থেকে বদলি হয়ে ভালতলী থানায় যোগদান করেন। তার আকস্মিক মৃত্যুতে সহকর্মীদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে এবং মৃত্যুর কারণ উদঘাটনে তদন্ত চলছে।

ঝালকাঠিতে আইন-শৃঙ্খলা

আহান জানান। তিনি আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও উন্নত করতে সব দপ্তরকে সর্ম্মহতভাবে কাজ করার নির্দেশনা দেন। এ সময় আরও উপস্থিত ছিলেন পুলিশ সুপার মো. মিজানুর রহমান, সিভিল সার্জন মোহাম্মদ হুমায়ুন কবির, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সেলুফতা মেহেনাজসহ জেলার চার উপজেলার নির্বাহী কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নিরোধ বরণ জয়ধর, সহযোগী অধ্যাপক আশীষ কুমার হালদার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মোহনকা কামাল মন্টু, পাবলিক প্রসিকিউটর মো. মাহেব হোসেন, জেলা জামায়াতের আমির অ্যাডভোকেট হামিফুর রহমান, প্রেসক্লাব সভাপতি মো. আককাস সিদ্দকার, মহিলা বিষয়ক কর্মকর্তা দিলারা জামান, জেলা তথ্য কর্মকর্তা লেলিন বাস, ইমাম সর্ম্মিত্তির সভাপতি মাওলানা আব্দুল হাই নিজামী, বাস মালিক সর্ম্মিত্তির সভাপতি আনিসুর রহমান তাপু, ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক মো. আলম হোসেনসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও কমিটির সদস্যরা। সভায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি, অপরাধ নিয়ন্ত্রণ, মাদক কারবার, শিক্ষাপ্রতিষ্ঠা, কিশোর গ্যাং দমন, চুরি-ডাকাতি রোধ, নিক্ষিপ্তপ্রতিষ্ঠানের নিরাপত্তা, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য পরিস্থিতি, সড়ক শৃঙ্খলা, নদীপথে়র নিরাপত্তা, সরকারি খাল ও জলাশয় দখলমুক্ত রাখা, অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং পরিবেশ সংরক্ষণ নিয়ে আলোচনা হয়। এছাড়া যুবলীগ নেতা সৈয়দ মিলনের পাঁচতলা ভবনের নকশা অনুমোদনের বিষয় এবং ঐতিহাসিক বারোঢালা স্থাপনা সংরক্ষণের বিষয়টিও গুরুত্ব পায়।

কাউখালীতে মাদক ও অপরাধ

সাংবাদিক ও সশীল সমাজের প্রতিনিধিদের হস্তে মতবিনিময় করে, আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সবার সহযোগিতা কামনা করে বলেন,পিরোজপুর-২ আসনের মাননীয় গৃহায়ন ও গনপূর্ত প্রতিমন্ত্রী আশাফজ্জ আহমেদ মোহেল মঞ্জুর সুমন মহোদয় এবং জেলা পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী কাউখালী উপজেলায় চুরি,ডাকাতি, ছিনতাই,ইউটিজিহু,কিশোর গ্যাং, অনলাইন জুয়া,মাদক ও অবৈধ অস্ত্রের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হয়েছে। অপরাধ দমনে কোনো ধরনের আপস করা হবে না এবং আইন প্রয়োগে সর্বোচ্চ কঠোর অবস্থানে থাকবে কাউখালী থানা পুলিশ। এছাড়াও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সন্ধ্যার

পড়ে অপ্রয়োজনীয়ভাবে দলবদ্ধ হয়ে আড্ডা উত্তির তাদেরকেও জিজ্ঞাসাবাদের আওতায় আনা হবে। পাশাপাশি উপজেলার প্রতিটি ইউনিয়নে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি এবং নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত থাকবে। তিনি বিভিন্ন রাজনৈতিক দলের ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি,সাংবাদিক ও সাধারণ জনগণকে আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশসে সঙ্গে সমন্বয় হয়ে কাজ করার আহ্বান জানান। স্থানীয় বাসিন্দারা পুলিশের নিয়মিত টহল ও বিশেষ অভিযান শুরু হওয়ায় অপরাধপ্রবণ কর্মকাণ্ড কমেব বলে ধারণা করেছেন। প্রতিনিয়ত তাদের এ কার্যক্রম অব্যাহত থাকলে কাউখালী সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির বয়েষ্টে উন্নতি হবে আশাবাদ ব্যক্ত করেছেন। পরিচালিত বিশেষ পুলিশ মহড়া ও অভিযান সাধারণ মানুষের মধ্যে স্বস্তির পরিবেশ সৃষ্টি করেছে বলে জানা গেছে।

মদপুরায় গাঁজাসহ

দানককারবারি ও অপূর এক কােরবারিকে হাজিরহাে ইউনিয়নের ফকিরহাট বাজার থেকে আটক করে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ৭০ গ্রাম গাঁজা উন্য়ান করা হয়। পরে আটক দুইজনের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে তোলা কারাপারে পাঠানো করা হয়।



যুবদল কেন্দ্রীয় সংসদের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করায় বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানকে এবং যুবদল কেন্দ্রীয় সভাপতি আব্দুল মোনোয়েম মুন্না ও সাধারণ সম্পাদক নূরুল ইসলাম নয়নকে শুভেচ্ছা জানিয়ে আনন্দ মিছিল বের করেন বরিশাল জেলা ছাত্রদলের সহ-সভাপতি ও জেলা দক্ষিণের যুব নেতা কাজী সজল

-কীর্তনখোলা

ভাণ্ডারিয়ায় পূবালী ব্যাংক

ঝর্ণা, পৌর কাউন্সিলর মো. দেলোয়ার হোসেন সিকদার,ব্যবসায়ী এবং সমাজসেবী ওয়াসিম মন্লান উপলব হাওলাদার,আব্দুস সালাম খন্দকার,মো. জালাল হোসেন পোদারসহ অন্যরা।

সজিব হত্যা মামলার

আদালতের মাধ্যমে বরিশাল কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। মামলার সূত্রে জানা যায়, ২৮ মার্চ সকালে উপজেলার রঙ্গশ্রী ইউনিয়নের লোছনাবাদ গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে মিলন খানের নেতৃত্বে প্রতিপক্ষের লোকজন হামলা ও ভাঙচুর চালায়। এ ঘটনায় কলেজছাত্র সাইদুল ইসলাম সজিবসহ পাঁচজন আহত হন। গুরুতর আহত সজিবের মাথায় আঘাতজনিত রক্তক্ষরণ হলে প্রথমে তাকে স্থানীয়ভাবে চিকিৎসা দেয়া হয়। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ৩১ মার্চ দিবাগত রাত দেড়টায় সজিবের মৃত্যু হয়। নিহত সাইদুল ইসলাম সজিব বরিশাল সরকারি কলেজের অনার্স শেষ বর্ষের শিক্ষার্থী ছিলেন। তিনি চলতি বছর অনার্স ফাইনাল পরীক্ষায় অংশ নিয়েছিলেন। এ ঘটনায় নিহতের বাবা আবুল হোসেন খান মিলন খানকে প্রধান আসামী করে আটজনের বিরুদ্ধে ব্যকেরগঞ্জ থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। এদিকে ঘটনার পর থেকেই মামলার প্রধান আসামী মিলন খান আত্মগোপনে ছিলেন।

কুয়াকাটায় বেরিবাঁধের ওপর অবৈধ স্থাপনা নির্মাণের অভিযোগ

কুয়াকাটা প্রতিনিধি

পুট্টাখালীর কুয়াকাটায় প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে বেরিবাঁধ দখল করে একাধিক অবৈধ স্থাপনা নির্মাণের অভিযোগ উঠেছে। সরেজমিনে দেখা গেছে, মহিপুর থানাদীন ধুলাসার ইউনিয়নের গঙ্গাচাঁদ এলাকায় খেলাই মার্কেট-সংলগ্ন বেরিবাঁধের ওপর একটি টিনশেড ঘর নির্মাণ করা হয়েছে। এছাড়া এর পাশেই কাঠ ও টিন দিয়ে আরো কয়েকটি স্থাপনার নির্মাণের কাজ চলমান রয়েছে। নির্মাণাধীন এসব স্থাপনার চারপাশে কাঠের ফ্রেম, টিনের বেড়া ও নির্মাণসামগ্রী দেখা যায়। স্থানীয় কয়েকজন কাদিনা নাম প্রকাশ না করার শর্তে জানান, দীর্ঘদিন ধরে স্থানীয় প্রশাসনালয়ের হুমছায়ায় বাঁধের ওপর এসব অবৈধ স্থাপনা নির্মাণ করা হচ্ছে। দুর্ঘটগের সময় এই বাধ পুরো এলাকাকে রক্ষা করে। এভাবে বাঁধের ওপর অবৈধ দখলদারিত্ব চলতে থাকলে মূল বাঁধটি ক্ষতিগ্রস্ত হওয়ায় আশঙ্কা রয়েছে। এতে একদিকে সরকারি সম্পত্তি বেহাত হচ্ছে, অন্যদিকে গারোপাড়া ও মারাজুগ ছাফির মুখে পড়ছে। তাদের অভিযোগ, ধুলাসার ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ইয়াসিন আরাফাত, স্থানীয় রাকিব এবং সাইফুল জোয়াদ্দারসহ কয়েকজন প্রভাবশালী ব্যক্তি সরাসরি এই অবৈধ দখল ও নির্মাণকাজের সঙ্গে জড়িত। তবে অভিযোগ অস্বীকার করে ধুলাসার ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ইয়াসিন আরাফাত বলেন, ‘বেরিবাঁধের ওপর অবৈধ স্থাপনা নির্মাণের সঙ্গে আমার কোনো সম্পৃক্ততা নেই। আমার অবৈধ স্থাপনা নির্মাণের সঙ্গে আমিও কোনো সম্পৃক্ততা নেই। এদিকে ঘটনার অপূর দুই অভিযুক্ত রাকিব ও সাইফুল জোয়াদ্দারের বক্তব্য জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলোও তাদের সঙ্গে কথা বলা সম্ভব হয়নি। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়াসীন সাদেক বলেন, ‘জমিটি পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ রিক্রুইজিশন দিলে আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে।’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার				
অতিরিক্ত গণ মন্ত্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত বরিশাল।				
১৪/০৬/২০২৬ খ্রিঃ				
মামলা নং	বিচার্যালী আদালতে মামলা	ধারা	পলাতক আসামীর নাম ও ঠিকানা	
সি আর মামলা নং ০৬/২০২২	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	দুলাহ চন্দ্র,পিতাঃ মৃত দেবেন্দ্র চন্দ্র,মামা উত্তর মুন্সারিগা,পোগ মুন্সারিগা ৮৩০২,ধানাঃ দুমকি,জেলাঃ পুট্টাখালী।	নামঃ দেবেন্দ্র চন্দ্র,পিতাঃ মৃত দেবেন্দ্র চন্দ্র,মামা উত্তর মুন্সারিগা,পোগ মুন্সারিগা ৮৩০২,ধানাঃ দুমকি,জেলাঃ পুট্টাখালী।
সি আর মামলা নং ০৭/২০২২	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	সারিনা ইয়াসিন, বামী রিয়াজউদ্দিন,গ্রাম পাইনান নতুন মহড়া,পোগঃ জৈমজিদি ১৪৩০,ধানাঃ সিদ্ধিরগঞ্জ ,জেলাঃ নারায়ণগঞ্জ।	সারিনা ইয়াসিন, বামী রিয়াজউদ্দিন,গ্রাম পাইনান নতুন মহড়া,পোগঃ জৈমজিদি ১৪৩০,ধানাঃ সিদ্ধিরগঞ্জ ,জেলাঃ নারায়ণগঞ্জ।
সি আর মামলা নং ১৩৫/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	নূর নেহার, পিতাঃ রহিম হাং, সাকিনঃ বাঁশপাড়া,পোগঃ গছালী ৮৩০৩, ধানাঃ দশমিনা, জেলাঃ পুট্টাখালী।	নূর নেহার,পিতাঃ রহিম হাং,সাকিনঃ বাঁশপাড়া,পোগঃ গছালী ৮৩০৩, ধানাঃ দশমিনা, জেলাঃ পুট্টাখালী।
সি আর মামলা নং ১৭৫/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ শিউলি,পিতাঃ মোঃ আনছার আলী শিকদার,সোঃ উঃ মনসাউলী,পোগঃ দুপচিট ৮৭০০,ধানাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।	মোসাঃ শিউলি,পিতাঃ মোঃ আনছার আলী শিকদার,সোঃ উঃ মনসাউলী,পোগঃ দুপচিট ৮৭০০,ধানাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।
সি আর মামলা নং ১৩৫/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	নূর নেহার,পিতাঃ রহিম হাং,সাকিনঃ বাঁশপাড়া,পোগঃ গছালী ৮৩০৩, ধানাঃ দশমিনা, জেলাঃ পুট্টাখালী।	নূর নেহার,পিতাঃ রহিম হাং,সাকিনঃ বাঁশপাড়া,পোগঃ গছালী ৮৩০৩, ধানাঃ দশমিনা, জেলাঃ পুট্টাখালী।
সি আর মামলা নং ১৮৩/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ সাকিনঃ বাঁশপাড়া,পিতাঃ মনসাউলী,পোগঃ দুপচিট ৮৭০০,ধানাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।	মোসাঃ সাকিনঃ বাঁশপাড়া,পিতাঃ মনসাউলী,পোগঃ দুপচিট ৮৭০০,ধানাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।
সি আর মামলা নং ১৮৩/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালত ১	১৮৮১ সালের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	গুয়াদে সিদ্দিকার,পিতাঃ হুমায়ুন সিকদার,সাকিনঃ হরিনুড়াঃ, পোগঃ কুকুড়া ৮৭১০, ধানাঃ আমতলী, জেলাঃ বরগুনা।	গ

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
 মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াডান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtionkhola@gmail.com